# মুখপত্র।

সভ্যগণের বিশেষ আগ্রহে লাইব্রেরীর বাঙ্গালা পুস্তকের তালিকা সত্বর মুদ্রণের প্রয়োজন হইল। তালিকা যথাসম্ভব বর্ণানুক্রমিকভাবে সজ্জিত করিতে চেষ্টা করিয়াছি। তথাপি এত শীঘ্র মুদ্রণ করাতে ইহা যে নির্ভুল হইয়াছে ইহা আশা করা ধৃষ্টতা মাত্র। খুব সম্ভব মুদ্রণ দোষও কিছু থাকিতে পারে। কিন্তু এ সব সত্ত্বেও গতবারের পুরাতন তালিকা হইতে অনেক উন্নতি সাধন করিতে চেষ্টা করিয়াছি—ইহাই সান্ত্বনা।

১৯৩১ সালের ডিসেম্বর পর্য্যন্ত যে পুস্তক আমাদের লাইব্রেরীতে ছিল তাহাই এই তালিকার অন্তর্গত হইয়াছে। ১৯৩২ সালের জানুয়ারী হইতে যে সকল পুস্তক লাইব্রেরীর পুস্তক সংখ্যা বৃদ্ধি করিয়াছে তাহার জন্য একটী পরিশিষ্ট করার প্রয়োজন হইবে।

এই তালিকা প্রণয়নকালে পুস্তকাগারাধ্যক্ষ শ্রীযুক্ত বাবু উমাশঙ্কর নন্দীর অক্লান্ত পরিশ্রম বিশেষভাবে উল্লেখ-যোগ্য। এই স্থলে ইহাও বলা কর্ত্তব্য যে শ্রদ্ধেয় ডাক্তার শ্রীশরৎকুমার বসু মহাশয় এবং বর্ত্তমান্ কোষাধ্যক্ষ শ্রীজীবনধন বসু মহাশয় তাঁহাদের বৃদ্ধ বয়সেও যে অদম্য উৎসাহ দ্বারা আমাদিগকে সদা অনুপ্রাণিত করিয়াছেন তাহা না থাকিলে এই তালিকা এত শীঘ্র মুদ্রণ হইত কিনা সন্দেহ। ইঁহাদের নিকট আমরা কৃতজ্ঞ।

১৫ই বৈশাখ,
সন ১৩৩৯ সাল।

শ্রীঊর্ম্মিব্রত চট্টোপাধ্যায়, বি.এ।
শ্রীশরৎ চন্দ্র বিদ্যাবিনোদ, বি.এ।
যুক্ত-সম্পাদকদ্বয়।

# সংশোধন পত্রিকা

| পৃষ্ঠা | সংখ্যা | ভুল | স্থলে | শুদ্ধ |
|---|---|---|---|---|
| ১২ | ২২৫০ | ডাক্তারের জেলখাম | ,, | ডাক্তারের জেলখানা |
| ১৮ | ১১০৬ | পাহাড়ীরাজ | ,, | পাহাড়ী বাবা |
| ২৪ | ৫৬৬ | বেগমী | ,, | বেগমী বেলা |
| ২৯ | ৬৭৮ | মুক্তচুরি | ,, | মুণ্ডচুরি |
| ৫২ | ২২৮১ | বন্দেমাতরম্ | ,, | বন্দেমাতনম্ |
| ৫৬ | ১২০৩ | শাস্তি কি শাস্তি | ,, | শাস্তি কি শাস্তি |

## সূচী।


| | | |
|---|---|---|
| উ—উপন্যাস, ক্ষুদ্রগল্প ইত্যাদি | পত্রাঙ্ক | ১—৪০ |
| ক—কাব্য, খণ্ডকাব্য ইত্যাদি ... | ,, | ৪০—৫০ |
| না—নাটক, প্রহসন ইত্যাদি ... | ,, | ৫০—৫৭ |
| ই—ইতিহাস ও ভূগোল, জীবন-চরিত, ভ্রমণবৃত্তান্ত ইত্যাদি ... | ,, | ৫৭—৬৮ |
| অ—( অনির্দ্দিষ্ট ) গণিত, জ্যোতিষ, ব্যাকরণ ইত্যাদি ... | ,, | ৬৮—৭০ |
| বি—( বিজ্ঞান ) চিকিৎসা, রসায়ণ ইত্যাদি | ,, | ৭১—৭৪ |
| প্র—প্রবন্ধ, সমালোচনা ইত্যাদি | ,, | ৭৪—৮৬ |
| ধ—ধর্ম্ম-বিষয়ক প্রবন্ধ, কবিতা ইত্যাদি | ,, | ৮৬—৯৪ |
| গ্র—গ্রন্থাবলী ... | ,, | ৯৪—৯৬ |
| সা—সাময়িক পত্রিকা ... | ,, | ৯৬—১০০ |

# ESSAY COMPETITION.

## SASIPADA INSTITUTE, BARNAGORE.

ESTD. 1876.

The following essay competitions are organised under the auspices of Chhatra Sammilani of the above Institute. Essays are to be written in Bengali and must reach the undersigned on or before the 25th Oct. 1932. Essays shall not be returned. The best essays may be published in any Journal. Two prizes shall be awarded to the two best essay writers in each subject.

**SUBJECT :—**

1. For male students :—

"How to improve the present condition of the Bengalee" (কিরূপে বাঙ্গালীর বর্ত্তমান অবস্থার উন্নতি সাধিত হইতে পারে)।

2. For females :—

"Your conception of an Ideal woman" (আদর্শ নারী সম্বন্ধে আপনার কল্পনা)।

*To*

*The Principal* ............ *College*
*The Head Master* ............ *School*

DEAR SIR,

We earnestly request the favour of your kindly circulating the above among your students.

Yours faithfully,

**URMI VRATA CHATTERJEE.**
**SARAT CHANDRA GHOSE.**
***Jt. Hony. Secretaries.***

ADDRESS :—
**SASIPADA INSTITUTE**
**Institute Lane.**
BARNAGORE, CALCUTTA.
Dated, the 22nd Sept. 1932.

# PROGRAMME


FOR THE

## ANNIVERSARY

OF

## Barnagore Sasipada Institute

Estd. 1876



The late FOUNDER, *Amicus humani generis.*

*President :—*

**PROF. BENOY KUMAR SARKAR.**

Calcutta University.

BARNAGORE.
*21st August, 1932.*

# Programme.

1. Concert.
2. Election of President.
3. Garlanding.
4. Opening Song—A. Bhattacharyya.
5. Presentation of the Annual Report by the Secretary.
6. Action Song.
7. Song—S. Bose.
8. Recitation—Das Gupta.
9. Mouth Organ—Ganguly.
10. Comic—N. Das Gupta.
11. Distribution of Prizes.
12. Speeches from Gentlemen present.
13. Presidential Address.
14. Vote of thanks.
15. Closing Song—Jahar.

*The Programme is subject to addition & alteration.*

**Urmi Brata Chatterjee,**
**Sarat Chandra Ghose,**
***Secretaries.***

# আবৃত্তি প্রতিযোগিতা।

নিম্নলিখিত বিষয়গুলি শশিপদ ইন্‌ষ্টিটিউটের অন্তর্গত ছাত্র সম্মেলনী হইতে আবৃত্তি প্রতিযোগিতার নিমিত্ত নির্ব্বাচিত হইয়াছে। যাঁহারা এই আবৃত্তিতে নাম দিতে ইচ্ছা করেন, তাঁহারা আগামী ৭ই আগষ্ট, ১৯৩২, তারিখের মধ্যে তাঁহাদের নাম, ঠিকানা স্বাক্ষরকারিগণকে জানাইবেন।

**I—For Girls only :—**

১। শ্রীশ্রীগৌরাঙ্গাষ্টকম্ (স্তোত্রম্)

(without the accompaniment of any musical instrument)

বর্ণ-সমুজ্জ্বল-গৌর-শরীরম্ বিলসিত-নিরবধি-ভাববিদেহম্।  
ত্রিভুবন-পাবন-কৃপয়াবিষ্টম্ তং প্রণমামি শ্রীশচিতনয়ম্ ॥ ১ ॥  
অন্তর্গদ-গদ-ভাব-বিকারম্ দুর্জ্জন-তর্জ্জন-নাদ-বিশালম্।  
ভব-ভয়-ভঞ্জন কারণ-করুণম্ তং প্রণমামি শ্রীশচিতনয়ম্ ॥ ২ ॥  
অরুণাম্বর-ধর চারু-কপোলম্ ইন্দু-বিনিন্দি-নখচয়-রুচিরম্।  
জল্পিত-নিজগুণ-নাম-বিনোদম্ তং প্রণমামি শ্রীশচিতনয়ম্ ॥ ৩ ॥  
বিগলিত-নয়নকমল-জলধারম্ ভূষণ-নবরসভাব-বিকারম্।  
অতি-মন্থর-গতি-নৃত্য-বিলাসম্ তং প্রণমামি শ্রীশচিতনয়ম্ ॥ ৪ ॥  
চঞ্চল-চারু-চরণ-গতি-রুচিরম্ নূপুর-রঞ্জিত-পদযুগ-মধুরম্।  
চন্দ্র-বিনিন্দি-সুশীতল-বদনম্ তং প্রণমামি শ্রীশচিতনয়ম্ ॥ ৫ ॥  
ধৃত-কটি 'ডোর'-কমণ্ডলু-দণ্ডম্ দিব্য-কলেবর-মুণ্ডিত-মুণ্ডম্।  
দুর্জ্জন-কল্মষ-খণ্ডন-দণ্ডম্ তং প্রণমামি শ্রীশচিতনয়ম্ ॥ ৬ ॥  
ভূষণ-সাঙ্কিতমলকা-বলিতম্ কম্পিত-বিম্বাধর-বর-রুচিরম্।  
মলয়জ-রচিত-সমুজ্জ্বল-তিলকম্ তং প্রণমামি শ্রীশচিতনয়ম্ ॥ ৭ ॥  
অরুণ-কমলদল-নিন্দি-সুনয়নম্ আজানুলম্বিত-শুভভুজ-যুগলম্।  
বয়সি কিশোরে নর্ত্তকবেশম্ তং প্রণমামি শ্রীশচিতনয়ম্ ॥ ৮ ॥

২। "ভাঙ্গা পাথরের বাটি" from ভারতবর্ষ আষাঢ়, ১৩৩৯  
by কালিদাস রায় (পৃঃ ১০৭)

**II—For Students (upto Matric Standard.)**

১। "নকল গড়" of রবীন্দ্র নাথ ঠাকুর, from "কথা ও কাহিনী"  
পৃঃ ৯৮—১০১

**III—For Students of Tolls and other religious institutions of 24 Pergs.**

১। "গীতা" (একাদশ অধ্যায়, শ্লোক ১৫—৩১)

বরাহনগর,  
শশিপদ ইন্‌ষ্টিটিউট  
২৫শে জুলাই ১৯৩২।

শ্রীঊর্ম্মিব্রত চট্টোপাধ্যায়।  
শ্রীশরচ্চন্দ্র ঘোষ।  
সম্পাদকদ্বয়।

*See reverse.*

# ভাঙা পাথরের বাটী।

একরাশ এঁটো বাসনের মাঝে একলা পা-দুটী মেলে,
খিড়কির ঘাটে নতুন বৌটি নয়নের জল ফেলে।
বাসনের ভার সামলানো দায় নামিতে পিছল ঘাটে,
পাথর বাটিটি প'ড়ে ভেঙে গেছে ঠেকিয়া তালের কাঠে।
দশ পয়সার পাথর বাটিটি বয়সে জীর্ণ এবে,
তার কোণ ভাঙা,—তুচ্ছ জিনিষ একটু দেখিলে ভেবে।

দুইটি টুকরা জোড়া দিয়ে বধূ অঞ্জলিপুটে ধরি',
ঝাপসা চক্ষে চেয়ে আছে আহা মুখখানি নত করি'।
হেরিছে অভাগী ক্ষমা-লাঞ্ছনা বাটির মুকুর-পুটে,
অম্বু খাবার বাটিটি ক্রমেই লোণা জলে ভ'রে উঠে।

ভাবে বসে হায়, লাগে না কি জোড়া কোন মন্ত্র বলে?
কোন, গুণী এসে সহসা যদি বা জুড়ে দেয় কৌশলে।
শ্বশুর বাড়ীতে আসিবার আগে কেন লয়নিক শিখে,
কি দিয়ে জুড়িলে জোড়া যায় ভাঙা পাথরের বাটিটিকে।
দেবতায় ডাকে অভ্যাস বশে,—দেবতা বাঁচাবে যেন।
বাটিটা ভাঙিল, পড়িয়া তাহার মাথা ভাঙিল না কেন!
বড় অভিমানে দেবতার পানে চেয়ে অভাগিনী কাঁদে,
'বল ভগবান হাত কেঁপে গেল কোন্ গূঢ় অপরাধে?'

একবার ভাবে, নতুন একটি কিনে এনে এর মত
কোণা ভেঙে যদি চালানো যাইত, তা হলে কেমন হ'ত?
কোথায় পয়সা? কে বা দিবে এনে? কোথায় মিলিবে বাটি?
সময়ই বা কই? সকলি স্বপ্ন, ভাঙাটাই শুধু খাঁটি।
পুকুরের জলে ডুবিয়া মরিতে কেমন লাগে যে ভয়,
একবার ভাবে—বাপের বাড়ীতে পালালে কেমন হয়?
কোন্ পথে যাবে? কাহে সাথে পাবে? না—না তা অসম্ভব।
ভাঙা বাটি ঘেরি ভাবনা-জনতা তুলে নানা কলরব।

হাঁসগুলি ঘেঁসে ঘাটপানে আসে ঘনাইয়া মমতায়,
পাখীরা নীরব—বাঁশ-বনে বেজি করুণ নয়নে চায়।
ভুলো লেজ নেড়ে জানায় বেদনা, জিভ ঝুলে পড়ে তার,
থমথম করে দুপুর বেলায় খিড়কি পুকুর ধার।
ফুলের গরবে মাথা উঁচু ক'রে ছিল যে কল্মী-লতা,
মুসড়িয়া পড়ি ঝলসিয়া সেও জানায় মমতা ব্যথা।

সবাই ব্যথিত মা বলিয়া বালা ডাকে যারে ফিরি ঘুরি'
সেই শুধু তার হৃদয় চিরিতে শানায় রসনা-ছুরি।
পাথরের বাটি ভেঙে যায়, যদি বধূর চরণ টলে,
পাথরের হৃদি ভাঙে না গলে না বধূর নয়ন-জলে।

# নকল গড়।

(রাজস্থান)

জলস্পর্শ করব না আর—
        চিতোর রাণার পণ—
বুঁদির কেল্লা মাটির পরে
        থাক্‌বে যতক্ষণ।
"কি প্রতিজ্ঞা, হায় মহারাজ,
মানুষের যা' অসাধ্য কাজ
কেমন করে' সাধ্‌বে তা আজ"—
        কহেন মন্ত্রিগণ।
কহেন রাজা, "সাধ্য না হয়
        সাধ্‌ব আমার পণ!"
বুঁদির কেল্লা চিতোর হ'তে
        যোজন তিনেক দূর।
সেথায় হারাবংশী সবাই
        মহা মহা শূর।
হামু রাজা দিচ্চে থানা
ভয় কারে কয় নাহিক জানা,
তাহার সদ্য প্রমাণ রাণা
        পেয়েছেন প্রচুর।
হারাবংশীর কেল্লা বুঁদি
        যোজন তিনেক দূর।
মন্ত্রী কহে যুক্তি করি—
        "আজকে সারারাতি
মাটি দিয়ে বুঁদির মত
        নকল কেল্লা পাতি।
রাজা এসে আপন করে
দিবেন ভেঙে ধূলির পরে,
নইলে শুধু কথার তরে
        হবেন আত্মঘাতী।"—
মন্ত্রী দিল চিতোর মাঝে
        নকল কেল্লা পাতি'।

কুম্ভ ছিল রাণার ভৃত্য
        হারাবংশী বীর,
হরিণ মেরে আস্‌ছে ফিরে
        স্কন্ধে ধনু তীর।
খবর পেয়ে কহে—'কেরে
নকল বুঁদি কেল্লা মেরে
হারাবংশী রাজপুতেরে
        করবে নতশির?
নকল বুঁদি রাখ্‌ব আমি
        হারাবংশী বীর।"
মাটির কেল্লা ভাঙতে আসেন
        রাণা মহারাজ।
'দূরে রহ"—কহে কুম্ভ,—
        গর্জ্জে যেন বাজ।
বুঁদির নামে করবে খেলা,
সইব না সে অবহেলা,
নকল গড়ের মাটির ঢেলা,
        রাখ্‌ব আমি আজ।
কহে কুম্ভ—"দূরে রহ
        রাণা মহারাজ।"
ভূমি পরে জানু পাতি',
        তুলি' ধনুঃশর
একা কুম্ভ রক্ষা করে
        নকল বুঁদিগড়।
রাণার সেনা ঘিরি' তা'রে
মুণ্ড কাটে তরবারে
খেলাগড়ের সিংহদ্বারে
        পড়্‌ল ভূমি'পর।
রক্তে তাহার ধন্য হ'ল
        নকল বুঁদিগড়।

Arundhaty Printing Works, Baranagore

# Baranagore Sasi Pada Institute.

Estd 1876

*The executive committee requests the favour of your presence at the "Prize Distribution Ceremony" for essay competition of the above Institute on Sunday, the 25th Dec. at 5 p. m.*

*Babu Pran Krishna Shaw B. A., F. R. S A., (Lond.) has kindly consented to preside on the occasion*

**URMIVRATA CHATTERJEE.**
**SARAT CHANDRA GHOSE.**
*Jt. Secretaries.*

**Institute Lane.**
18th December 1932.

# BARNAGORE SASIPADA INSTITUTE.

Estd. 1876.

*To*

---

*An ordinary/special/Annual General Meeting of the members of the above Institute will be held at the Institute Hall on............. at.............*

*You are earnestly requested to attend.*

*AGENDA :—*

1. Filling of vacancies in the Committee.
2. Suggestions for improvement
3. Miscellaneous.

URMI VRATA CHATTERJEA
SARAT CHANDRA GHOSE
*Hony. Secs*